দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 JAN 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

১৫

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# সম্মান প্রথমবর্ষে ৫১৭৫ আসনের জন্য ফরম বিক্রি হয়েছে ৮০,০০০

ইলিয়াস খান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ফরম ক্রয়ের হিড়িক পড়েছে। ঐতিহ্যবাহী এ কলেজটিকে

(২-এর পাতায় দেখুন)

## সম্মান প্রথমবর্ষে

(প্রথম পাতার পর)

সম্প্রতি বিশ্ববিদ্যালয় ঘোষণা করায় ভর্তিচ্ছুদের এ উপচে পড়া ভিড় হচ্ছে। আসন সংখ্যা গত বছরের সমান থাকলেও ইতোমধ্যে গত বছরের চেয়ে প্রায় তিনগুণ বেশি ফরম বিক্রি হয়েছে। অধিক ভিড়ের সুযোগ নিয়ে বিশ্ববিদ্যালয়ের একশ্রেণীর কর্মচারী কালোবাজারে বেশি দামে ফরম বিক্রি করছে।

ফরম সংগ্রহে অত্যাধিক ভিড়ের কারণে ঠেলাঠেলি নিয়ে ভর্তিচ্ছুদের মধ্যে অস্বস্তির সংঘর্ষও হচ্ছে প্রায় প্রতিদিনই। এ সংঘর্ষের প্রভাব পড়ছে ছাত্র সংগঠনগুলোর ওপর। এসব অবসানকল্পে বুধবার অধ্যক্ষের সাথে সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক বৈঠক হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয় পরিবেশ সুষ্ঠু রাখার ব্যাপারে সবাই ঐকমত্য পোষণ করেন।

গত ১৩ জানুয়ারি থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে প্রথমবর্ষ সম্মান শ্রেণীর ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছে। আগামী ২৭ জানুয়ারি পর্যন্ত ফরম বিক্রি চলবে। এখানে অনার্সের ১৭টি বিষয়ে মোট পাঁচ হাজার ১৭৫টি আসন রয়েছে। এসব আসনের জন্য ইতোমধ্যে ৮০ হাজার ফরম বিক্রি হয়েছে বলে জানা গেছে। অথচ গত শিক্ষাবর্ষে উল্লিখিত আসনের জন্য ৩০ হাজার ফরম বিক্রি হয়। শেষ পর্যন্ত এ বছর প্রায় দেড় লাখ ফরম বিক্রি হতে পারে বলে কর্তৃপক্ষ ধারণা করছে।

ফরম ক্রয় করতে গিয়ে ছাত্রদের দীর্ঘ লাইনে দাঁড়াতে হচ্ছে। লাইনে দাঁড়ানোর ঝামেলা থেকে মুক্ত হওয়ার জন্য অনেক ছাত্র কালোবাজারে ফরম কিনছে। একশ্রেণীর কর্মচারী বিভিন্ন বিভাগের সামনে ফরম নিয়ে দাঁড়ায় এবং ১০ টাকার ফরম ১৫ থেকে ২০ টাকা পর্যন্ত দেদারসে বিক্রি করছে। বিভিন্ন ছাত্র সংগঠনের কর্মচারী ভর্তিচ্ছুদের দলে ভিড়ানোর জন্য ফরম জমা দিচ্ছে। এ নিয়ে অনেক সময় বচসার সৃষ্টি হয়। এর ফলে গত মঙ্গলবার ছাত্র সংগঠনগুলোর মধ্যে উত্তেজনা দেখা দেয়। ভর্তি বিষয়ে অধ্যক্ষ অধ্যাপক মুহাম্মদ জুনাইদের সাথে আলাপ করলে তিনি বলেন, বর্তমান সেশনে ছাত্রদের মূলত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনেই ভর্তি করা হচ্ছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে এখনও সময় লাগবে। ছাত্রদের সময় নষ্ট না করার জন্যই এখন ভর্তি করানো হচ্ছে।